PG-II (DE) Ann.Exam./2006

২০০৬

বাংলা

একাদশ পাঠক্রম

সময় ঃ দু' ঘন্টা | পূর্ণমান ঃ ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'রাজসিংহ' উপন্যাসের প্রারম্ভে বঙ্কিমচন্দ্র বলেছেন— "হিন্দুদিগের বাহুবলই আমার প্রতিপাদ্য"।

বঙ্কিমচন্দ্রের এই উদ্দেশ্য উপন্যাসে কতটা সার্থক হয়েছে আলোচনা করুন। ১৬

অথবা

বঙ্কিমচন্দ্রের 'রাজসিংহ'-কে ঐতিহাসিক উপন্যাস বলা যায় কিনা বিচার করুন।

২। 'চরিত্রহীন' উপন্যাস অবলম্বনে কিরণময়ী চরিত্রের আধুনিকতার দিকগুলি স্পষ্ট করুন। ১৬

অথবা

আত্মজৈবনিক উপন্যাসের বৈশিষ্ট্যের নিরিখে 'পথের পাঁচালী'-কে আত্মজৈবনিক উপন্যাস হিসাবে চিহ্নিত করা যায় কিনা বিচার করুন।

P.T.O.

11/31-1000

৩। যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দিন ঃ ৫×২=১০

(ক) মোগল অন্তঃপুরের চিত্র 'রাজসিংহ' উপন্যাসে কী ভূমিকা পালন করেছে?

(খ) 'চরিত্রহীন' উপন্যাসে 'সরোজিনী' চরিত্রের প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করুন।

(গ) 'চরিত্রহীন' উপন্যাসের নামকরণের যাথার্থ্য বিচার করুন।

(ঘ) 'পথের পাঁচালী' উপন্যাসে দুর্গার মৃত্যুর তাৎপর্য আলোচনা করুন।

২০০৬

বাংলা

দ্বাদশ পাঠক্রম

সময় ঃ দু' ঘন্টা　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান ঃ ৪২

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'তাঁহার সামাজিক অভিজ্ঞতা; তাঁহার প্রবল এবং স্বাভাবিক সর্বব্যাপী সহানুভূতি, তাঁহার কাব্যের গুণ দোষের কারণ—' দীনবন্ধু মিত্র সম্পর্কে বঙ্কিমচন্দ্রের এই মন্তব্যের তাৎপর্য ব্যাখ্যা করুন। ১৬

অথবা

'ভারতচন্দ্রের অশ্লীলতা গম্ভীর নয়, সহাস্য।'— প্রসঙ্গ নির্দেশ করে উক্তিটি ব্যাখ্যা করুন।

২। ব্রাহ্মধর্মের উদ্ভব ও ক্রমবিকাশে শিবনাথ শাস্ত্রীর ভূমিকা তাঁর রচিত 'আত্মচরিত' অবলম্বনে আলোচনা করুন। ১৬

অথবা

'বাগেশ্বরী শিল্প প্রবন্ধাবলী'র "অন্তর্গত সৌন্দর্যের সন্ধান" প্রবন্ধটি অবলম্বনে অবনীন্দ্রনাথ ঠাকুরের সৌন্দর্য দর্শনের স্বরূপ ব্যাখ্যা করুন।

৩। যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দিন ঃ　　　　　　　　　　৫×২=১০

(ক) আবু সয়ীদ আইয়ুব কী অর্থে বোদলেয়ারকে 'জরার কবি' বলেছেন ব্যাখ্যা করুন।

P.T.O.

11/32-1000

(খ) সুধীন্দ্রনাথ দত্ত রবীন্দ্র সাহিত্যের অনুকরণ প্রচেষ্টাকে কেন ব্যঙ্গ করেছেন 'সূর্যাবর্ত' প্রবন্ধ অনুসরণ করে তা বুঝিয়ে দিন।

(গ) ব্রাহ্মধর্ম গ্রহণ করার ফলে শিবনাথ শাস্ত্রীর পরিবারে কী ধরনের প্রতিক্রিয়া হয়েছিল 'আত্মচরিত' অবলম্বনে তার পরিচয় দিন।

(ঘ) বঙ্কিমচন্দ্র বলেছেন শকুন্তলা চরিত্রের অর্ধাংশ মিরন্দার আদলে গঠিত— কেন তা বুঝিয়ে দিন।

PG-II (DE) Ann.Exam./2006

২০০৬

বাংলা

ত্রয়োদশ পাঠক্রম

সময় ঃ দু' ঘন্টা

পূর্ণমান ঃ ৪২

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'চিত্রা' কাব্যের প্রাসঙ্গিক কবিতাগুলি আলোচনা ক'রে রবীন্দ্রনাথের 'জীবনদেবতা' সম্পর্কে ধারণাটি পরিস্ফুট করুন। ১৬

অথবা

'পত্রপুট' কাব্যের 'পৃথিবী' কবিতায়, কবির মর্ত্যবোধের পরিচয় নিহিত আছে। — আলোচনা করুন।

২। 'বলাকা' কাব্যের কবিতাগুলিকে গ্রন্থভুক্ত করার সময় নাম চিহ্নিত করা হয়নি কেন এ বিষয়ে আলোচনা করুন। ১৬

অথবা

'বলাকা' কাব্যের কোনো কোনো কবিতায় পাশ্চাত্য দার্শনিক বের্গসঁ-এর প্রভাব আছে বলে মনে করা হয়। এ সম্পর্কে আলোচনা করুন।

৩। যে কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দিন ঃ ৫×২=১০

(ক) 'স্বর্গ হইতে বিদায়' কবিতায় কবি স্বর্গ ও মর্ত্যের প্রেমচিত্রের যে পার্থক্য রচনা করেছেন তা দেখান।

P.T.O.

11/33-1000

২০০৬

বাংলা

চতুর্দশ পাঠক্রম

সময় ঃ দু' ঘন্টা　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান ঃ ৪২

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'জীবনস্মৃতি'তে আছে প্রকৃতির সঙ্গে কবির মিলন, বিচ্ছেদ এবং পুনর্মিলনের এক ধারাবাহিক ইতিহাস। — আলোচনা করুন। ১৬

অথবা

'জীবনস্মৃতি'তে লোকেন্দ্রনাথ পালিত এবং প্রিয়নাথ সেনের যে পরিচয় ফুটে উঠেছে তার পরিচয় দিন।

২। 'ঘরে বাইরে' দুজন পরস্পর সম্পর্কিত নরনারীর আত্ম আবিষ্কারের উপন্যাস। — আলোচনা করুন। ১৬

অথবা

রক্তকরবী'র সমস্ত পালাটি নন্দিনী বলে একটি মানবীর ছবি। — রবীন্দ্রনাথকৃত এই মন্তব্যের ভিত্তিতে 'রক্তকরবী' নাটকের নন্দিনী চরিত্রটি বিশ্লেষণ করুন।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দিন ঃ ৫×২=১০

(ক) 'জীবনস্মৃতি-তে "হিমালয়যাত্রা" অধ্যায়ের গুরুত্ব ব্যাখ্যা করুন।

P.T.O.

(খ) 'ঘরে বাইরে' উপন্যাসে অমূল্য চরিত্রটির গুরুত্ব বিচার করুন।

(গ) 'ঘরে বাইরে' উপন্যাসটির শেষে নিখিলেশের পরিণতি কোন্ অভীষ্ট সাধন করেছে?

(ঘ) 'রক্তকরবী' নাটকে 'পৌষ তোদের ডাক দিয়েছে' এই গানটি একাধিকবার ব্যবহারের তাৎপর্য ব্যাখ্যা করুন।

PG-II (DE) Ann.Exam./2006

২০০৬

বাংলা

পঞ্চদশ পাঠক্রম

বিশেষ পত্র

সময় ঃ দু' ঘন্টা | পূর্ণমান ঃ ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

(মধ্যযুগের বাংলা মঙ্গল, অনুবাদ ও আখ্যানকাব্য)

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। লোক সমাজ, লোক উৎসব ও লৌকিক ধর্মবোধ ধীরে ধীরে মঙ্গলকাব্যগুলির বিকাশে যে ভূমিকা গ্রহণ করেছে তার আলোচনা করুন। ১৬

অথবা

প্রাক্ চৈতন্যযুগের অনুবাদ কাব্যের সঙ্গে উত্তর চৈতন্যযুগের অনুবাদ কাব্যের পার্থক্য নিরূপণ করুন।

২। চর্যাপদ ও শ্রীকৃষ্ণকীর্তন পুঁথির বিস্তৃত পরিচয় দিন। ১৬

অথবা

তোলা পাঠ কি? প্রক্ষিপ্ত পাঠ কি? পুঁথি লেখার সময় সাধারণতঃ কি ধরনের ভুল হওয়ার সম্ভাবনা থাকে এবং ভুলগুলি সংশোধনের পদ্ধতিগুলিই বা কী? — বিস্তৃত আলোচনা করুন।

P.T.O.

৩। যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দিন ঃ ৫×২=১০

(ক) মঙ্গলকাব্যে রন্ধনশৈলীর সংক্ষিপ্ত বর্ণনা দিন।

(খ) মঙ্গলকাব্য ও পুরাণের মধ্যে পার্থক্য কি?

(গ) উত্তর চৈতন্যযুগের প্রণয়মূলক আখ্যানকাব্যগুলি কি ধর্মনিরপেক্ষ রচনা।

(ঘ) মঙ্গলকাব্যের কাঠামোগত বৈশিষ্ট্যগুলি কি?

(উপন্যাস ও ছোটগল্প)

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। উপন্যাস কেন প্রধানত বাস্তববাদী? উপন্যাসের বাস্তবতা প্রসঙ্গে বিস্তারিত আলোচনা করুন এবং বাস্তববাদ ও প্রকৃতিবাদের পার্থক্য নির্ণয় করুন। ১৬

অথবা

উপন্যাসের প্লট বলতে কী বোঝেন? প্লট সাধারণত কত প্রকারের এবং কী কী? উদাহরণসহকারে প্রত্যেক প্রকার প্লটের পরিচয় দিন।

২। ছোটগল্পকে কেন ঊনবিংশ শতাব্দীর বিশেষ ফসলরূপে গণ্য করা হয়, বিশ্লেষণপূর্বক দেখিয়ে দিন। ১৬

অথবা

কাহিনীধর্মী কবিতা এবং একাঙ্ক নাটকের সঙ্গে ছোটগল্পের সাদৃশ্য উদাহরণসহ আলোচনা করুন।

৩। যে কোনো দু'টি বিষয়ে আলোচনা করুন ঃ ৫×২=১০

(ক) উপন্যাসে কালের ব্যবহার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(খ) সব উপন্যাসেরই একটি আঞ্চলিক পটভূমি থাকে। কিন্তু সব উপন্যাস আঞ্চলিক উপন্যাস নয়। আলোচনা করুন।

(গ) ছোটগল্পের প্লট উপন্যাসের প্লটের থেকে কোথায় পৃথক?

(ঘ) চেকভের ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি তাঁর যে কোন দুটি গল্প অবলম্বনে বিশদ করুন।

PG-II (DE) Ann.Exam./2006

২০০৬

বাংলা

ষোড়শ পাঠক্রম

বিশেষ পত্র

সময় ঃ দু' ঘন্টা পূর্ণমান ঃ ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

(মধ্যযুগের বাংলা মঙ্গল, অনুবাদ ও আখ্যানকাব্য)

১। 'মনসাবিজয়' কাব্য প্রধানত মনসার পূজা বিষয়ক কাব্য হলেও মানবিক আবেদন তার প্রধান গুণ।— আলোচনা করুন। ১৬

অথবা

মধ্যযুগের সমাজ সম্বন্ধে কিছু জানতে হলে মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যটি অপরিহার্য। — আলোচনা করুন।

২। ধর্মমঙ্গল কাব্যকে 'রাঢ়ের জাতীয় কাব্য' বলা হয়ে থাকে। এ মন্তব্য আপনি সমর্থন করেন কি? ঘনরামের ধর্মমঙ্গল কাব্যের পক্ষে এ মন্তব্য কতদূর প্রযোজ্য হতে পারে, তা বিচার করুন। ১৬

অথবা

রামেশ্বর তাঁর 'শিবায়ন' কাব্যের একস্থানে বলেছেন, "ভব-ভাব্য-ভদ্র-কাব্য ভণে রামেশ্বর।"— তাঁর কবি প্রতিভা বিশ্লেষণ প্রসঙ্গে এই উক্তির তাৎপর্য বুঝিয়ে দিন।

P.T.O.

11/36-1000

৩। যে-কোনো দু'টি বিষয়ে আলোচনা করুনঃ ৫×২=১০

(ক) 'চণ্ডীমঙ্গল' কাব্যের আখেটিক খণ্ডে ফুল্লরার বারমাস্যার কাহিনীগত গুরুত্ব আলোচনা করুন।

(খ) 'শিবায়ন' কাব্যে কবি রামেশ্বরের আবির্ভাব কাল নির্ণয় করুন।

(গ) ঘনরামের 'ধর্মমঙ্গল' কাব্যের অন্তর্ভুক্ত পত্রগুলির শিল্পমূল্য নিরূপণ করুন।

(ঘ) কোন্ কোন্ বিষয়ের উল্লেখ থেকে বিপ্রদাসের কাব্যের প্রাচীনতার পরিচয় পাওয়া যায়?

(উপন্যাস ও ছোটগল্প)

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। চতুরঙ্গ উপন্যাসটির আঙ্গিক বিশ্লেষণ করে এই উপন্যাসের ক্ষেত্রে তার বিশিষ্টতা বুঝিয়ে বলুন। ১৬

অথবা

বিগতকালের প্রতি গভীর আকর্ষণ থাকলেও সেই কালের বিলীয়মান রূপের বিশ্বস্ত রূপায়ণে তারাশংকর সিদ্ধহস্ত। আরোগ্য নিকেতন উপন্যাসে দুই প্রজন্মের দুই চিকিৎসকের মধ্য দিয়ে এই বিষয়টি কতটা পরিস্ফুট হয়েছে দেখান।

২। দুই নারী-পুরুষের মন দেয়া-নেয়ার কাহিনীকেই পুতুলনাচের ইতিকথার মূল উপজীব্য বলে উল্লেখ করেছেন কোন কোন সমালোচক। এ বিষয়ে আপনার মতামত কী? ১৬

অথবা

অন্তঃশীলা উপন্যাসের প্রধান প্রধান চরিত্রগুলি নির্মাণের ক্ষেত্রে

ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায় কতখানি সিদ্ধহস্ত? বিশেষ করে এই প্রকৃতির উপন্যাসের চরিত্রনির্মাণের কথা মনে রেখে বুঝিয়ে দিন।

৩। যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দিন ঃ ৫×২=১০

(ক) চতুরঙ্গ উপন্যাসটির নামকরণ কোন কোন দিক থেকে বিবেচ্য বলে আপনি মনে করেন?

(খ) 'শশীর চোখ খুঁজিয়া বেড়ায় মানুষ'— উপন্যাসের শেষে এইরকম একটি বাক্য শশী চরিত্রের কোন বিশেষ দিককে নির্দেশ করছে?

(গ) আরোগ্য নিকেতন উপন্যাসটির নামকরণের সার্থকতা নিরূপণ করুন।

(ঘ) অন্তঃশীলা উপন্যাসে সময় কীভাবে ব্যবহৃত হয়েছে?

২০০৬

বাংলা

সপ্তদশ পাঠক্রম

বিশেষ পত্র

সময় ঃ দু' ঘন্টা　　　　　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান ঃ ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

(মধ্যযুগের বাংলা মঙ্গল, অনুবাদ ও আখ্যানকাব্য)

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। কৃত্তিবাসী রামায়ণের অরণ্যকাণ্ডের সঙ্গে মূল সংস্কৃত রামায়ণের ঐ কাণ্ডের কাহিনীগত পার্থক্য নির্দেশ করুন। ১৬

অথবা

মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' গ্রন্থে কৃষ্ণের ঐশ্বর্যলীলাই মুখ্য। এই ঐশ্বর্যলীলা বর্ণনায় মালাধরের কৃতিত্ব বিচার করুন।

২। 'গোপীচন্দ্রের গান' মানবজীবনরসে ভরপুর এক কাব্য। — আলোচনা করুন। ১৬

অথবা

আলাওলের 'পদ্মাবতী' কাব্যটি অনুবাদ কাব্য হলেও কবির স্বাতন্ত্র্যদীপ্ত সংযোজন কাব্যটিকে মৌলিকতার দীপ্তি দিয়েছে— আলোচনা করুন।

P.T.O.

৩। যে-কোনো দু'টি বিষয়ে আলোচনা করুন ঃ ৫×২=১০

(ক) অযোধ্যাকাণ্ডে মন্থরা চরিত্রের গুরুত্ব আলোচনা করুন।

(খ) "ভাগবত অর্থ যত পয়ারে বান্ধিয়া।
লোক নিস্তারিতে যাই পাঞ্চালী রচিয়া।।"
— কবির এই ঘোষণার তাৎপর্য বিশ্লেষণ করুন।

(গ) 'পদ্মাবতী' কাব্যে বর্ণিত রোসাঙ রাজসভার পরিচয়টি বিবৃত করুন।

(ঘ) গোপীচন্দ্রের গানে ওদুনা-পদুনা চরিত্রদুটির মানবিক আর্তির স্বরূপ নির্ণয় করুন।

(উপন্যাস ও ছোটগল্প)

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। তিনটি চরিত্রের মনস্তাত্ত্বিক উদ্‌ঘাটনই 'নষ্টনীড়' গল্পটিকে শিল্প সার্থক করে তুলেছে। — আলোচনা করুন। ১৬

অথবা

প্রাচীন সামন্তপ্রথা সম্পর্কে গভীর মমত্ববোধ থাকা সত্ত্বেও তারাশঙ্কর 'জলসাঘর' গল্পে কেমনভাবে তার ভাঙনের বিশ্বস্ত রূপ এঁকেছেন তা দেখান।

২। 'হারাণের নাতজামাই' এবং 'ছোট বকুলপুরের যাত্রী' গল্প দুটির আলোচনা করে মানিক বন্দ্যোপাধ্যায়ের উত্তরকালের গল্পবৈশিষ্ট্য বুঝিয়ে দিন। ১৬

অথবা

'বন্ধুপত্নী' ও 'মঙ্গলগ্রহ' ছোটগল্প, দুটিতে জ্যোতিরিন্দ্র নন্দীর দৃষ্টিভঙ্গির পরিচয় দিন।

৩। যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দিন ঃ ৫×২=১০

(ক) 'স্ত্রীর পত্র' গল্পের মৃণাল চরিত্রের বিশিষ্টতার দিকগুলি পরিস্ফুট করুন।

(খ) 'নারী ও নাগিনী' গল্পে খোঁড়া শেখ শেষপর্যন্ত বিবিকে ক্ষমা করে দিল কেন?

(গ) 'কুষ্ঠরোগীর বৌ' গল্পটি কি কোনো অন্ধ কুসংস্কারকে ভিত্তি করে গড়ে উঠেছে। — আলোচনা করুন।

(ঘ) 'অযান্ত্রিক' গল্পটিতে যন্ত্র ও মানুষের সম্পর্ক কীভাবে চিত্রিত হয়েছে দেখান।

২০০৬

বাংলা

অষ্টাদশ পাঠক্রম

বিশেষ পত্র

সময় ঃ দু' ঘন্টা পূর্ণমান ঃ ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

(মধ্যযুগের বাংলা মঙ্গল, অনুবাদ ও আখ্যানকাব্য)

১। যে কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা করুন।

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে কৃষ্ণকথার বিবর্তন।

(খ) মধ্যযুগে দৈব নির্ভরতামুক্ত আখ্যানকাব্য।

(গ) মৌলিকতার সন্ধানে মধ্যযুগের বাংলা অনুবাদ সাহিত্য।

(ঘ) মঙ্গলকাব্যে উত্তরবঙ্গের ধারা।

(ঙ) মঙ্গলকাব্যে দেব-দেবী চরিত্রের মানবায়ন।

(চ) মধ্যযুগের বাংলা সাহিত্যে ধর্মান্দোলনের প্রভাব।

(উপন্যাস ও ছোটগল্প)

১। যে কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা করুন। ৪২

(ক) ঔপন্যাসিকের সমাজবোধ ও সামাজিক দায়িত্ব।

(খ) বাংলা ঐতিহাসিক উপন্যাস।

P.T.O.

(গ) রবীন্দ্র উপন্যাসের আধুনিকতা।

(ঘ) মধ্যবিত্তের জীবন সংকট ঃ বাংলা ছোটগল্পে তার রূপায়ণ।

(ঙ) তারাশঙ্করের ছোটগল্প।

(চ) শরৎসাহিত্যে সাধারণ মানুষ।

২০০৬

বাংলা

ঊনবিংশ পাঠক্রম

সময় ঃ দু' ঘন্টা পূর্ণমান ঃ ৪২

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'আরোগ্য' 'জন্মদিনে' 'শেষলেখা' কাব্যের নির্বাচিত কবিতা অনুসরণে কবির মর্ত্যচেতনার পরিচয় পরিস্ফুট করুন। ১৬

অথবা

'সভ্যতার সংকট' বলতে কোন সংকটের কথা রবীন্দ্রনাথ বলেছেন— প্রবন্ধটি বিশ্লেষণ করে বুঝিয়ে দিন।

২। সাহিত্যে বাস্তবতার ধারণাটি কীভাবে গড়ে উঠল? এই প্রেক্ষিতে রবীন্দ্রনাথের বাস্তবতার ধারণাটি কেমন ছিল বুঝিয়ে বলুন। ১৬

অথবা

রবীন্দ্রনাথ সাহিত্যকে বলেছেন, 'লীলা'। কী অর্থে তিনি এই 'লীলা' কথাটি ব্যবহার করেছেন? তাঁর 'সাহিত্যের পথে' গ্রন্থের প্রাসঙ্গিক প্রবন্ধগুলির আলোচনা করে এই 'লীলা' ধারণাটির পরিচয় দিন।

৩। যে কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দিন ঃ ৫×২=১০

(ক) "সেই মানুষের উপলব্ধিতেই মানুষ আপন জীবসীমা অতিক্রম করে মানবসীমায় উত্তীর্ণ হয়।" — কোন মানুষের উপলব্ধির কথা এখানে বলা হয়েছে— স্পষ্ট করুন।

P.T.O.

(খ) 'এ আমির আবরণ সহজে স্খলিত হয়ে যাক'— এই কবিতাটি বিশ্লেষণ করে— কবি 'এ আমির আবরণ' বলতে কী বোঝাতে চান— বলুন।

(গ) 'সাহিত্যের পথে' গ্রন্থের 'সৃষ্টি' প্রবন্ধে রবীন্দ্রনাথ বলেছেন "মানুষের শ্রেষ্ঠ পরিচয় হচ্ছে মানুষ সৃষ্টিকর্তা।" — মতটি ব্যাখ্যা করুন।

(ঘ) 'রাজসিংহ' প্রবন্ধে রবীন্দ্রনাথ কাকে কাকে 'রাজসিংহ' উপন্যাসের নায়ক বলেছেন? এ মত গ্রহণযোগ্য কী?